ডিজিটাল বাংলাদেশের উপকত সকল জনগণ

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর উপজেলা কার্যালয়, পরশুরাম, ফেনী



## doict.parshuram.feni.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.৩০৫১.০০০.১৮.০০৮.২৩.১১

তারিখ: ১৩ চৈত্র ১৪২৯

২৭ মার্চ ২০২৩

## বজ্রপাতের কারণে শেখ রাসেল ডিজিটাল ল্যাবের কম্পিউটার, প্রিন্টার এবং স্ক্যানার নষ্ট হওয়া বিষয: সংক্ৰান্ত

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ফেনী জেলার পরশুরাম উপজেলার অর্ন্ত্রগত চাঁনগাজী উচ্চ বিদ্যালয়ে ২০১৬-২০১৭ অর্থবছরে একটি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়। উক্ত ল্যাবে ১০ (দশ) টি ডেস্কটপ কম্পিউটার, ০১ (এক) টি ল্যাপটপ, ০১ (এক) টি প্রিন্টার, ০১ (এক) টি স্ক্যানার, ০১ (এক) টি মাল্টিমিডিয়া প্রজেক্টর, ০১ (এক) টি রাউটার, ১০ (দশ) টি ইউপিএস, ১১ (এগারো) টি টেবিল এবং ৩১ (একত্রিশ) টি চেয়ার প্রদান করা হয়। গত ২১ মার্চ ২০২৩ খ্রি. তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় ক্লাস চলাকালীন সময়ে উক্ত বিদ্যালয়ের ভিতরে ল্যাব কক্ষ হতে ২৫ মিটার দুরে একটি নাড়িকেল গাছের উপর আকস্মিক বজ্রপাত হয়। বজ্রপাতের ফলে ল্যাবটিতে কম্পিউটার সহ অন্যান্য আইটি সরঞ্জামাদি নষ্ট হয়ে যায়। গত ২২ মার্চ ২০২৩ খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকায় আমি নিম্ন স্বাক্ষরকারী ল্যাবটি সরেজমিনে পরিদর্শন করি। পরিদর্শনকালে দেখা যায় ০৭ (সাত) টি ডেস্কটপ কম্পিউটার, ০১ (এক) টি ল্যাপটপ সহ প্রিন্টার এবং স্ক্যানার নষ্ট হয়ে যায়। অবশিষ্ট ০৩ (তিন) টি ডেস্কটপ কম্পিউটার এবং মাল্টিমিডিয়া প্রজেক্টর সচল আছে। নষ্ট কম্পিউটারগুলোর সিস্টেম বক্স খুলে চেক করা হয়। সিস্টেম বক্সের ভিতর কোন পোড়া অংশ নেই। ধারনা করা হচ্ছে কম্পিউটারগুলোর পাওয়ার সাপ্লাই নষ্ট হয়ে গেছে। বিদ্যালয়ের শিক্ষকবৃন্দের সাথে কথা বলে জানা যায় বজ্রপাতের সময় ল্যাবের কম্পিউটার সহ অন্যান্য আইটি সরঞ্জামাদি বন্ধ ছিল। ল্যাবের নষ্ট কম্পিউটার এবং প্রিন্টার দক্ষ টেকনিশিয়ান দ্বারা মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান শিক্ষক মহোদয়কে পরামর্শ প্রদান করা হয়েছে।

ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হল।

মোঃ ইমরান হোসেন সহকারী প্রোগ্রামার

ইমেইল:

doict.parshuram@gmail.com

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

মহাপরিচালক

তারিখ: ১৩ <u>চৈত্র ১৪২৯</u> ১৭ মার্চ ১০১৩

সদ্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পরশুরাম, ফেনী
- ২) প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ফেনী

স্মারক নম্বর: ৫৬.০৪.৩০৫১.০০০.১৮.০০৮.২৩.১১/১(৩)

৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, পরশ্রাম, ফেনী

মোঃ ইমরান হোসেন সহকারী প্রোগ্রামার